(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
মানব সম্পদ উন্নয়ন শাখা
www.dls.gov.bd

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.১১০.৫৩.০১৫.২২.২৭৩

তারিখ: ২৬ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
৯ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **"চট্টগ্রাম, কুমিল্লা এবং ময়মনসিংহ (ত্রিশাল) মিলিটারি ফার্ম আধুনিকায়ণ" শীর্ষক প্রকল্পের আওতায় অস্ট্রেলিয়া হতে ২২৫টি ক্রস ব্রীড গর্ভবতী বকনা আমদানির অনুমতি প্রদান** সংক্রান্ত।

সূত্র: ১। প্রকল্প পরিচালক, চট্টগ্রাম, কুমিল্লা এবং ময়মনসিংহ (ত্রিশাল) মিলিটারি ফার্ম আধুনিকায়ণ শীর্ষক প্রকল্প, সেনাসদর, কিউএমজি'র শাখা, আরভিএন্ডএফ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এর ১৯/১২/২০২৪ তারিখের ২৩.০১.৯০১.০৬২.০৫.০১৪.০১.১৯.১২.২৪ সংখ্যক পত্র।

২। জেনটেক ইন্টারন্যাশনাল লিমিটেড, ৮৬, মনিপুরীপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫ এর ০৫/০২/২০২৫ তারিখের আবেদন পত্র।

৩। প্রকল্প পরিচালক, চট্টগ্রাম, কুমিল্লা এবং ময়মনসিংহ (ত্রিশাল) মিলিটারি ফার্ম আধুনিকায়ণ শীর্ষক প্রকল্প, সেনাসদর, কিউএমজি'র শাখা, আরভিএন্ডএফ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এর ২২৫টি ক্রস ব্রীড গর্ভবতী বকনা সরবরাহের কার্যাদেশ নং- ২৩.০১.৯০১.০৬২.০৫০৪৯.০১.২৩.০৫.২৪; তারিখঃ ২৩ মে ২০২৪।

৪। প্রকল্প পরিচালক, চট্টগ্রাম, কুমিল্লা এবং ময়মনসিংহ (ত্রিশাল) মিলিটারি ফার্ম আধুনিকায়ণ শীর্ষক প্রকল্প, সেনাসদর, কিউএমজি'র শাখা, আরভিএন্ডএফ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এর ২০ নভেম্বর ২০২৪ তারিখের সরবরাহ সময়সীমা বৃদ্ধিকরণ সংক্রান্ত পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রকল্প পরিচালক, চট্টগ্রাম, কুমিল্লা এবং ময়মনসিংহ (ত্রিশাল) মিলিটারি ফার্ম আধুনিকায়ণ শীর্ষক প্রকল্প, ঢাকা সেনানিবাস কর্তৃক অস্ট্রেলিয়া হতে ২২৫টি গর্ভবতী ক্রস ব্রিড (Holstein Friesian × Jersey) বকনা আমদানির জন্য আবেদন করেছেন। সে প্রেক্ষিতে আমদানী নীতি আদেশ ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ২৫ (২৯), পশুরোগ আইন-২০০৫ এবং পশুরোগ বিধিমালা-২০০৮ এর সংশ্লিষ্ট ধারা/বিধি, পশু ও পশুজাত পণ্যের সংগনিরোধ আইন-২০০৫ অনুসরণ পূর্বক সূত্রোক্ত ৩ নং ক্রমিকে বর্ণিত কার্যাদেশ মোতাবেক বাছাইকৃত ২৬৯টি গর্ভবতী বকনা হতে যে কোনো ২২৫টি গর্ভবতী বকনা নিম্নেবর্ণিত শর্তসাপেক্ষে আমদানির অনুমতি প্রদান করা হলো:

**শর্তাবলী:**

০১। আমদানিতব্য ২২৫টি ক্রস ব্রীড গর্ভবতী বকনা শুধুমাত্র সেনাবাহিনীর নিজস্ব খামারে দুধ উৎপাদন ও ব্রিডিং এর জন্য প্রতিপালন করতে হবে। কোন অবস্থাতেই আমদানীকৃত গর্ভবতী বকনা বাহিরে বিক্রয় করা যাবে না অথবা খামারের বাহিরে অন্যত্র স্থানান্তর বা ব্যবহার করা যাবে না।

০২। WOAH Guideline এবং বাংলাদেশ পশুরোগ আইন-২০০৫ এবং পশুরোগ বিধিমালা-২০০৮ অনুযায়ী আমদানীতব্য ২২৫টি ক্রস ব্রীড গর্ভবতী বকনা Bovine Tuberculosis, Brucellosis, Lumpy Skin Disease (LSD) মুক্ত; Leptospirosis, BVD টেস্ট নেগেটিভ রেজাল্ট/ভ্যাক্সিনেশন সার্টিফিকেট এবং যে কোন Abnormalities মুক্তমর্মে অস্ট্রেলিয়ার উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত প্রতিটি গর্ভবতী বকনা এর Health Certificate আমদানিকালীন সময়ে কোয়ারেন্টাইন ষ্টেশনে দাখিল করতে হবে।

০৩। আমদানিতব্য গর্ভবতী বকনাসমূহ ক্ষতিকারক Ecto and Endoparasites মুক্ত হতে হবে।

০৪। আমদানিতব্য ২২৫ ক্রস ব্রীড গর্ভবতী বকনা এর Ear Tag/ID আইডি নম্বর কোয়ারেন্টাইনের সময় কোয়ারেন্টাইন কর্তৃপক্ষের নিকট নিশ্চিত করতে হবে।

০৫। Shipment এর পূর্বে রোগমুক্ত মর্মে কোয়ারেন্টাইন সার্টিফিকেট দাখিল করতে হবে এবং আমদানিতব্য ২২৫ ক্রস ব্রীড গর্ভবতী বকনা আমদানির পর আমদানিকারকের নিজ খরচে ও তত্ত্বাবধানে কোয়ারেন্টাইন আইন-২০০৫ এর ৬ নং আইন অনুযায়ী কোয়ারেন্টাইন কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং কোয়ারেন্টাইন কার্যক্রম সম্পাদনের পর স্থানীয় সরকারী ভেটেরিনারিয়ান কর্তৃক রোগমুক্ত সনদ অধিদপ্তরে দাখিল করতে হবে। যদি কোয়ারেন্টাইনের সময় কোন গর্ভবতী বকনা রোগাক্রান্ত বলে সনাক্ত হয়, তবে আমদানিকারক নিজ খরচে কোয়ারেন্টাইন আইনের ধারা ১০ অনুযায়ী ব্যবস্থা নিবেন।

০৬। আমদানী সংক্রান্ত সকল বিধিবিধান অনুসরণ করতে হবে।
০৭। চট্টগ্রাম, কুমিল্লা এবং ময়মনসিংহ (ত্রিশাল) মিলিটারি ফার্ম কর্তৃপক্ষ আমদানিকৃত গর্ভবতী বকনা সংক্রান্ত একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রাণিসম্পদ অধিদপ্তরে দাখিল করবেন।
০৮। উপরোক্ত কোন শর্ত ভঙ্গ করলে, ভবিষ্যতে কোন আবেদন বিবেচনার অযোগ্য বলে বিবেচিত হবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৯। এ আদেশ সূত্রোক্ত ৪ নং ক্রমিকে বর্ণিত পত্রের সময় সীমা পর্যন্ত বলবৎ থাকবে।

**সংযুক্তিঃ** ANNEXURE - A এবং ANNEXURE - B

**সকল সংযুক্তিসমূহ:**
(১) সংযু্ক্তি
(২) ANNEXURE - A
(৩) ANNEXURE - B

১২-০২-২০২৫
ডাঃ সাখাওয়াত হোসেন
উপপরিচালক

প্রকল্প পরিচালক
চট্টগ্রাম, কুমিল্লা এবং ময়মনসিংহ (ত্রিশাল) মিলিটারি ফার্ম আধুনিকায়ণ শীর্ষক প্রকল্প, সেনাসদর, কিউএমজি'র শাখা, আরভিএন্ডএফ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস।

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.১১০.৫৩.০১৫.২২.২৭৩/১ (৭)

তারিখ: ২৬ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
৯ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। পরিচালক, কৃত্রিম প্রজনন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। কমিশনার, কাস্টমস হাউস, হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকা।
৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), ।
৪। অফিসার ইনচার্জ, ইনফরমেশন এন্ড আইটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অফিসার-ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন ষ্টেশন, হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকা।
৬। জেনটেক ইন্টারন্যাশনাল লিমিটেড, ৮৬, মনিপুরীপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৭। অফিস কপি, ।

১২-০২-২০২৫
ডাঃ সাখাওয়াত হোসেন
উপপরিচালক